

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩১৭৩  
আগরতলা, ০১ অক্টোবর, ২০২৩

### স্বচ্ছতাই সেবা কর্মসূচি

**রাজ্যকে স্বচ্ছ ও সুন্দর করে গড়ে তুলতে প্রচেষ্টা নেওয়া হয়েছে :** মুখ্যমন্ত্রী

সারা দেশের সাথে আজ রাজ্যেও কেন্দ্রীয় সরকারের স্বচ্ছতাই সেবা কর্মসূচি পালন করা হচ্ছে। এরই অঙ্গ হিসেবে আজ আগরতলা পুরনিগমের উদ্যোগে এমবিবি চৌমুহনীতে এক সাফাই অভিযানের আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা, আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, পুরনিগমের বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলারগণ, মুখ্যসচিব, রাজ্য পুলিশের মহানির্দেশক এবং বিভিন্ন দপ্তরের সচিব ও উচ্চপদস্থ আধিকারিকগণ সাফাই অভিযানে অংশ নেন।

সাফাই অভিযানে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০১৪ সালে স্বচ্ছ ভারত অভিযান কর্মসূচি ঘোষণা করেছিলেন। সেই অভিযান কর্মসূচির অঙ্গ হিসেবে ও জাতির জনক মহাত্মা গান্ধীর জন্ম দিবসকে সম্মান জানাতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ এক ঘন্টা শ্রম দান করার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রীর আহ্বানে আজ সারা দেশে সাফাই অভিযান কর্মসূচি পালন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যকে স্বচ্ছ ও সুন্দর করে গড়ে তুলতে প্রচেষ্টা নেওয়া হয়েছে।

\*\*\*\*\*